# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৭১২

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির দাফনের বর্ণনা

### আরবী

وَعَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ قَالَ: دَخَلْتُ عَلَى عَائِشَةَ فَقُلْتُ: يَا أُمَّاهُ اكْشِفِي لِي عَنْ قَبْرِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَاحِبَيْهِ فَكَشَفَتْ لِي عَنْ ثَلَاثَةِ قُبُورٍ لَا مُشْرِفَةٍ وَلَا لَا طِئَة مَبْطُوحَةٍ بِبَطْحَاءِ الْعَرْصَةِ الْحَمْرَاءِ. رَوَاهُ أَبُو دَاوُدَ

### বাংলা

১৭১২-[২০] ক্বাসিম ইবনু মুহাম্মাদ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি একবার উম্মুল মু’মিনীন ’আয়িশাহ্ (রাঃ)-এর কাছে গেলাম। আরয করলাম, হে আমার মা! যিয়ারত করার জন্য আমাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর দু’ সাথী (আবূ বকর ও ’উমারের) কবর খুলে দিন। তিনি তিনটি কবরই খুলে দিলেন। আমি দেখলাম, তিনটি কবরই না খুব উঁচু না মাটির সাথে একেবারে সমতল। বরং মাটি হতে এক বিঘত উঁচু ছিল। আর এ কবরগুলোর উপর (মদীনার পাশের) আরসা ময়দানের লাল কংকর বিছানো ছিল। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৩২২৩, মুসতাদরাক লিল হাকিম ১৩৬৮, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬৭৫৮। কারণ এর সানাদে ‘আমর ইবনু ‘উসমান ইবনু হানী মাজহূল রাবী যেমনটি হাফিয ইবনু হাজার (রহঃ) বলেছেন।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসের আলোকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তার দুই সাথী আবূ বাকর ও ‘উমার (রাঃ)-এর ক্বরের বিবরণ পাওয়া যায়। এখানে ক্বাসিম বলতে মুহাম্মাদ ইবনু আবূ বাকর (রাঃ)-এর ছেলে ক্বাসিমকে বুঝানো হয়েছে। ‘আয়িশাহ্ (রাঃ) ছিলেন ক্বাসিমের ফুফু। ক্বাসিম কর্তৃক ‘আয়িশাহ্ (রাঃ)-কে মা বলার কারণ হল, ‘আয়িশাহ্ (রাঃ) ছিলেন তার মায়ের পর্যায়ভুক্ত। অথবা এই কারণে যে, ‘আয়িশাহ্ (রাঃ) ছিলেন সকল মু’মিনের মা। এ হিসেবে ক্বাসিম ইবনু মুহাম্মদ তাকে মা বলে সম্বোধন করেছেন। হাদীসে صاحبيه বলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দুই সাথী তথা আবূ বাকর (রাঃ) ও ‘উমার (রাঃ)-কে বুঝানো হয়েছে। ক্বাসিম যখন

‘আয়িশাহ্ (রাঃ)-এর কাছে তাদের কবর সম্পর্কে জানতে চাইলেন। তখন ‘আয়িশাহ্ (রাঃ) বললেন, তাদের কবর খুব উঁচু ছিল না অর্থাৎ স্বাভাবিক। আর মাটিও খুব বেশী উঁচু ছিল না এবং একে বারে নীচুও ছিল না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56272

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন